বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল, ঢাকা-১০০০

Phone : 9515586, 9552996
Email:dgmlpo@krishibank.org.bd

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/ ১২৫(১) তারিখ : ১৫-০৭-২০১৯ইং

উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
ও
শাখা ব্যবস্থাপক
সকল ব্যাচ শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ BACH কার্যক্রমের দ্বিতীয় ধাপের BACH-II (Go Live) শুরু প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত গত ০৩-০৭-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত BACH ম্যানেজারদের সভার কার্যবিবরনী (সংযুক্তি-১) এবং বাংলাদেশ ব্যাংকের Meeting Minutes (সংযুক্তি-২) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্র এবং BACH ম্যানেজারদের সভার কার্যবিবরণী অনুসারে অতি শীঘ্রই BACH-II (Go Live) কার্যক্রম শুরু হতে যাচ্ছে। BACH-II এর BACPS এর (চেক ক্লিয়ারিং) ক্ষেত্রে সাধারন চেক, পিও, ডিডি ছাড়াও নতুন করে ৫টি বৈদেশিক মুদ্রার ডিডি ক্লিয়ারিং এবং BEFTN এর ক্ষেত্রে একাধিক সেশনে সেটেল্টমেন্ট অনুষ্ঠিত হবে বিধায় BACH এর কর্মপরিধি বৃদ্ধি পাবে।

০৩। ইতোপূর্বে স্থানীয় মুখ্য কার্যালয়ের পত্র নং- বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/৭১ তারিখঃ০৪-০৭-২০১৯ইং অনুযায়ী BACH-II এর অনুশীলন/পরীক্ষামূলক LDS(Live Day Simulation) কার্যক্রমে অংশগ্রহনের জন্য নিধারিত/নির্দিষ্ট Web Address ব্যবহার করে পরীক্ষামূলকভাবে চেকসমূহ Scan, Make, Check ও EFTN করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া টেলিফোনে অবহিতকরণ, **BACH** সিস্টেমের মাধ্যমে বার্তা প্রদান এবং ই-মেইলে নির্দেশনা প্রদানের পরও মাত্র ২১(একুশ)টি শাখা (BACH শাখা ১৪০ টি) উক্ত **BACH-II** এর পরীক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহন করে যা অত্যন্ত হতাশাব্যাঞ্জক। এপ্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক পেমেন্ট সিস্টেমের অধুনিকায়ন কার্যক্রমের অংশ হিসাবে BACH-II এর সফল বাস্তাবায়নের লক্ষ্যে উক্ত কার্যক্রম সংশ্লিষ্ট সকল নির্দেশনা সঠিকসময়ে এবং যথাযথ ভাবে পরিপালনের অনুরোধ করা হলো। BACH-II (Go Live) কার্যক্রম শুরু হলে নিধারিত/নির্দিষ্ট Web Address ব্যবহার করে BACH-II এ চেকসমূহ Scan, Make, Check করতে হবে। এছাড়াও EFTN কার্যক্রম Multi Session এর মাধ্যমে সম্পন্ন হবে বিধায় বিশেষ সতর্কতার সাথে এসংক্রান্ত নির্দেশনা পরিপালনের জন্য বলা হলো।

০৪। এমতাবস্থায়, BACH-II (Go Live) এর পূর্বে অনুশীলন/পরীক্ষামূলক LDS(Live Day Simulation) কার্যক্রমে অংশগ্রহনের জন্য শাখাসমূহকে BACH-II এর Web Address এ Maker/Checker User ব্যবহার করে Log In করে উক্ত কার্যক্রমে অংশগ্রহণ পূর্বক যথাযথ প্রস্তুতি নিশ্চিত করতঃ BACH-II (Go Live) এর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হলো। Web Address এ Log In এবং এ সংক্রান্ত যেকোন সমস্যার সম্মুখীন হলে স্থানীয় মুখ্য কার্যালয়ের BACH সেকশনে যোগাযোগ করার জন্য বলা হলো। BACH-II এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা সঠিকভাবে পরিপালনে ব্যর্থতায় BACH-II (Go Live) এর কার্যক্রম বাধাগ্রস্থ হলে ব্যাংক কর্তৃপক্ষ এ দায়ভার বহন করবে না।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ ০২(দুই)

আপনার বিশ্বস্ত,
১৫.০৭.১৯
(জহিরুল ইসলাম ভূঞা)
মহাব্যবস্থাপক (দায়িত্বে)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
০১। উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।।

**BACH-II Go Live এর লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণী ।**

সভার স্থানঃ জাহাঙ্গীর আলম কনফারেন্স হল, ৫ম তলা (প্রধান ভবন)
তারিখঃ ০৩ জুলাই, ২০১৯, সময়ঃ দুপুর ০৩.০০ ঘটিকা

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক এর সভাপতিত্বে ০৩ জুলাই, ২০১৯ তারিখ দুপুর ০৩.০০ ঘটিকায় জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে BACH-II Go Live এর লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় তফসিলি ব্যাংকসমূহের BACH Manager এবং প্রতিটি ব্যাংকের Testing সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতি তালিকা সংযোজনী 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে BACH-II Go Live এর জন্য সংশ্লিষ্ট সকল ব্যাংকের করণীয় বিষয়ে প্রতিনিধিগণকে অবহিত করেন। সভায় সভাপতি এবং অত্র বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ System Integration Testing (SIT) কার্যক্রমে বিভিন্ন ব্যাংকের বর্তমান অবস্থান এবং করণীয় সম্পর্কে আলোকপাত করেন। উপস্থিত ব্যাংক প্রতিনিধিগণ BACH-II বাস্তবায়নে নিজ নিজ ব্যাংকের গৃহীত কার্যক্রম এবং পরিলক্ষিত সমস্যাদি সম্পর্কে সভাকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. ১১ জুলাই, ২০১৯ তারিখে BACH-II এর আনুষ্ঠানিক কার্যক্রম (Go Live) শুরুর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এবং সকল তফসিলি ব্যাংকসমূহ প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবে।

২. BACH-II Go Live এর জন্য প্রতিটি ব্যাংকের বর্তমান অবস্থান সম্পর্কে ব্যাংকসমূহ আগামী ১০ জুলাই, ২০১৯ তারিখে বাংলাদেশ ব্যাংককে ই-মেইল মারফত অবহিত করবে।

৩. BACH-II এ চেক এবং ইএফটি ক্লিয়ারিং পরিচালনার ক্ষেত্রে ক্লিয়ারিং হাউজ সংশ্লিষ্ট সম্প্রতি পরিলক্ষিত সমস্যাদি Application Vendor এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সমাধান করা হবে।

৪. BACH-II Go Live এর পূর্ববর্তী দিন সকল ব্যাংকের করণীয় যেমনঃ EFT session সমন্বয়/বন্ধ রাখা, Data Migration, CPS এর সাথে কোর ব্যাংকিং এর Integration করা প্রভৃতি বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৫. সকল ব্যাংকের NDC হতে বাংলাদেশ ব্যাংকের DC ও NDC এর SIT কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকসমূহের NDC হতে বাংলাদেশ ব্যাংকের DC ও NDC এর Connection সম্পন্ন করতে হবে।

৬. ব্যাংকসমূহের CPS এ FC চেক উপস্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক নির্দিষ্ট বৈদেশিক মুদ্রা ব্যতীত অন্যান্য FC চেক Processing এ Restriction আরোপের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭. BACH-II এর আপগ্রেডেশন এবং নতুনভাবে যুক্ত হওয়া EFT Multi-session ও FC ক্লিয়ারিং কার্যক্রম পরিচালনা ও Settlement পদ্ধতির বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করা হবে।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক ও
সভাপতি

৫৭৭

বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল, ঢাকা-১০০০

Phone ঃ 9515586, 9552996
Email:dgmlpo@krishibank.org.bd

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/ ৭১

তারিখ ঃ ০৪-০৭-২০১৯ইং

সকল উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখা সমূহ
সকল শাখা ব্যবস্থাপক
(ব্যাচ শাখা)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ BACH-II চালুকরণ এবং নির্দিষ্ট Web Address ব্যবহার করে HV, RV চেকসমূহ Scan, Make, Check এবং EFTN করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আগামী ১১.০৭.২০১৯ তারিখ হতে BACH-II লাইভ কার্যক্রম শুরু হতে যাচ্ছে, এমতাবস্থায়, পরীক্ষামূলকভাবে নিম্নে বর্ণিত তালিকা মোতাবেক BACH-II এর Web Address ব্যবহার করে আপনার শাখা হতে HV, RV চেকসমূহ Scan, Make, Check এবং EFTN করার জন্য অনুরোধ করা হলো।

| তারিখ | ইন্সট্রুমেন্ট | Web Address |
|---|---|---|
| ০৭.০৭.২০১৯ | ০৪.০৭.২০১৯ তারিখে উপস্থাপিত HV চেকসমূহ ০৭.০৭.২০১৯ তারিখে পাশে উল্লেখিত Web Address- ব্যবহার করে উপস্থাপন (Scan, Make, Check) করতে হবে। | http://10.0.67.30 |
| ০৮.০৭.২০১৯ | ০৭.০৭.২০১৯ তারিখে উপস্থাপিত RV চেকসমূহ ০৮.০৭.২০১৯ তারিখে পাশে উল্লেখিত Web Address- ব্যবহার করে উপস্থাপন (Scan, Make, Check) করতে হবে। | http://10.0.67.30 |
| ০৯.০৭.২০১৯ | ০৭.০৭.২০১৯ তারিখে উপস্থাপিত EFTN সমূহ ০৯.০৭.২০১৯ তারিখে পাশে উল্লেখিত Web Address ব্যবহার করে EFTN করতে হবে। | http://10.0.67.30:8000 |

আপনার বিশ্বস্ত,

04.07.19

(সালমা খন্দকার)
উর্ধতন মুখ্য কর্মকর্তা
ব্যাচ ইনচার্জ